

নির্দেশ বিজ্ঞপ্তি নম্বর: ১০০৮/২০২০

তারিখ: ২৩ ডিসেম্বর ২০২০
০৮ পৌষ ১৪২৭

সকল মহাব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক
একান্ত সচিব, এমডি এন্ড সিইও এবং সকল উপব্যবস্থাপনা পরিচালক
সকল সহকারী মহাব্যবস্থাপক এবং ব্যবস্থাপক
জনতা ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়ের সকল ডিভিশন ও ডিপার্টমেন্ট/বিভাগীয় কার্যালয়/
লোকাল অফিস/ জনতা ভবন কর্পোরেট শাখা/এরিয়া অফিস/সকল শাখা
এবং সকল সাবসিডিয়ারী কোম্পানী।

বিষয়: ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড ও ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এর বিপরীতে
ঋণ, জনতা কেয়ার-স্বাস্থ্যসেবা ঋণ এবং শিক্ষা ঋণ খাতের সুদহার পুনঃনির্ধারণ।

প্রিয় মহোদয়,


ঋণ ও অগ্রিমের সুদহার বিষয়ে জারিকৃত প্রধান কার্যালয়ের নির্দেশ বিজ্ঞপ্তি ৮৩০/১৮ তারিখ ০৮ আগস্ট ২০১৮, নির্দেশ বিজ্ঞপ্তি ৮৪০/১৮ তারিখ ০১ অক্টোবর ২০১৮, নির্দেশ বিজ্ঞপ্তি ৮৪১/২০১৮ তারিখ ০১ অক্টোবর ২০১৮, নির্দেশ বিজ্ঞপ্তি ৯৫৪/২০ তারিখ ১৩ মে ২০২০, নির্দেশ বিজ্ঞপ্তি ৯৬২/২০২০ তারিখ ২১ জুন ২০২০ এবং কোভিড-১৯ এর প্রাদুর্ভাব মোকাবেলায় সরকার ঘোষিত প্রণোদনা প্যাকেজের আওতায় জারিকৃত বিজ্ঞপ্তিসমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. পর্যদের ১৫ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত ৬৪৪তম সভার অনুমোদনক্রমে ঋণ ও অগ্রিমের কতিপয় খাতের সুদহার নিম্নোক্তভাবে নির্ধারণ/পুনঃনির্ধারণ করা হয়েছে:


নং	ঋণ ও অগ্রিমের খাতসমূহ	নির্ধারিত/পুনঃনির্ধারিত সুদহার
১	ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	৯%
২	ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	৯%
৩	ইউএস ডলার প্রিমিয়াম বন্ডের বিপরীতে ঋণ/অগ্রিম	৯%
৪	জনতা কেয়ার-স্বাস্থ্য সেবা ঋণ	৯%
৫	শিক্ষা ঋণ	৯%

অনুসরণীয় শর্তাবলী:

- ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড এবং ওয়েজ আর্নারস ডেভেলপমেন্ট বন্ড সম্পর্কিত সরকারী নির্দেশনা প্রযোজ্য হবে।
 - উক্ত বন্ড লিয়েন/জামানত রেখে ঋণ প্রদানের ক্ষেত্রে SOD (FO) নীতিমালা, এফডি সার্কুলার নং-১৯৭/১৬ তারিখ ২০.১২.২০১৬ এবং এতদবিষয়ে সময়ে সময়ে পরিবর্তিত নির্দেশনা অনুসরণীয় হবে।
 - সুদহার বিষয়ক বিদ্যমান অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- পরিবর্তিত সুদহার ০১ ডিসেম্বর ২০২০ তারিখ থেকে কার্যকর হবে।


মোঃ হাফিজুর রহমান মোল্লা
উপমহাব্যবস্থাপক

আপনাদের বিশ্বস্ত,


মোঃ আসাদুজ্জামান
মহাব্যবস্থাপক